

শিবচর পৌরসভা কার্যালয়

শিবচর, মাদারীপুর।

“প্রজ্ঞাপন”

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৫৫ ধারা অনুসরণ পূর্বক এবং ২২/০২/২০১৬খ্রি^১ তারিখের পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক শিবচর পৌরসভায় নিম্ন বর্ণিত স্থায়ী কমিটি গঠন করা হলো।

(৬) হিসাব ও নিরীক্ষা কমিটি :

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব বেলায়েত ইবনে ওয়াহেদ	কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড	সভাপতি
০২	জনাব মোঃ আওলাদ হোসেন খান	মেয়র, শিবচর পৌরসভা	সদস্য
০৩	জনাব আজিমন বেগম	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০২	সদস্য
০৪	জনাব জাহানারা বেগম	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০৩	সদস্য
০৫	জনাব মোঃ আজিজুর রহমান	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড	সদস্য

২। কমিটির কার্য পরিধি:

- ২.১। পৌরসভার সকল আয় ব্যয়ের হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষণ করিতে সংশ্লিষ্ট সকলকে সহায়তা করা;
- ২.২। সকল প্রকার আদায় ও জয়ার হিসাব নিয়মিত যাচাই বাছাই করা;
- ২.৩। সরকারি বিধি বিধান (নির্ধারিত ফরম ও পদ্ধতি অনুসরণে) অবলম্বনে পৌরসভার যাবতীয় হিসাব ও কর্মকাণ্ড পরিচালনা করা হয় কিনা যাচাই করা;
- ২.৪। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে পৌরসভার সকল প্রকার আয়-ব্যয়ের হিসাব জনসম্মুখে প্রকাশের ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্টদের সহায়তা করা;
- ২.৫। আয়-ব্যয়ের হিসাব বৎসরে একবার নিরীক্ষা করা এবং এই সংক্রান্ত প্রতিবেদন পৌরসভার সাধারণ সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ;
- ২.৬। হিসাব শাখাকে পরিপূর্ণভাবে কম্পিউটারাইজড করিতে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহযোগিতা করা;
- ২.৭। নির্ধারিত সময় পর পর পৌরসভার যাবতীয় আয়-ব্যয় অভ্যন্তরীণ নিরীক্ষা করা;
- ২.৮। হিসাব সংক্রান্ত কম্পিউটার সফ্টওয়ার চালু থাকিলে পৌরসভার হিসাব ব্যবস্থাপনায় তা ব্যবহার অব্যাহত রাখা;
- ২.৯। জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তাকে কমিটির বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);

২.১০। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

(মোঃ আওলাদ হোসেন খান)

মেয়র

শিবচর পৌরসভা

শিবচর, মাদারীপুর।

স্মারক নং-শিব-পৌর/২০১৬/

তারিখঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লবী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

২। জেলা প্রশাসক, মাদারীপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

৩-১২। জনাব..... কাউন্সিলর, (সকল) শিবচর পৌরসভা।

১৩। জনাব (শাখা প্রধান), শিবচর পৌরসভা।

(মোঃ আওলাদ হোসেন খান)

মেয়র

শিবচর পৌরসভা

শিবচর, মাদারীপুর।